গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কর কমিশনার, কর অঞ্চল-সিলেট

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা),

আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: আঞ্চলিক / জোনাল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৮

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৫

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৭

# আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Regional/Zonal Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

(ক) রাজস্ব আদায়ঃ কর অঞ্চল-সিলেট এর ২০২২-২০২৩ অর্থবছরে বাজেট লক্ষ্যমাত্রা ৯৫০ কোটির বিপরীতে আদায় ছিল ১০৪৪.৪৭ কোটি টাকা। ২০২১-২০২২ অর্থবছরে লক্ষ্যমাত্রা ৮০০ কোটির বিপরীতে আদায় ছিল ৮৩৭ কোটি টাকা এবং ২০২০-২০২১ অর্থবছরে লক্ষ্যমাত্রা ৭২৫ কোটির বিপরীতে আদায় ছিল ৬৮৭.৭৪ কোটি টাকা। ২০২৩-২০২৪ অর্থ বছরে লক্ষ্যমাত্রা ১৩১০ কোটির বিপরীতে সম্ভাব্য আদায় ১৩১০ কোটি টাকা।
(খ) নতুন করদাতা বৃদ্ধিঃ কর অঞ্চল-সিলেট এর ২০২৩-২০২৪ অর্থ বছরে মার্চ, ২০২৪ পর্যন্ত নতুন করদাতা বৃদ্ধি পেয়েছে ৫৫,২২৩ জন। বিগত ২০২২-২০২৩, ২০২১-২০২২ ও ২০২০-২০২১ অর্থ বছরে নতুন করদাতা বৃদ্ধি পেয়েছিল যথাক্রমে ৫০,১২৫ জন, ৫০,৮৬৭ জন এবং ৩৬,৮২২ জন।
(গ) ০১ নভেম্বর হতে ৩০শে নভেম্বর/২০২৩ পর্যন্ত মাসব্যাপী নির্বিঘ্নে করদাতাগণের রিটার্ন গ্রহণ, টিআইএন প্রদান, কর তথ্যসেবা প্রদান করা হয়েছে। কর অঞ্চল-সিলেট এর তথ্যসেবা কেন্দ্রে করদাতাদের আয়কর রিটার্ন সংক্রান্ত তথ্য প্রদান করা হয়েছে। তাছাড়া উক্ত কেন্দ্রে রিটার্ন ফরম, চালান ফরম, সিটিজেন চার্টার ইত্যাদি সংরক্ষণ, করদাতাদের ই-টিআইএন রেজিষ্ট্রেশন সহ নানাবিধ সেবা প্রদান করা হয়েছে।
(ঘ) ই-ফাইলিং পদ্ধতি চালু হওয়ায় করদাতাগণ সহজেই অনলাইনে আয়কর রিটার্ন দাখিল করতে পারছেন এবং ই-টিডিএস সিস্টেম এর মাধ্যমে সহজেই উৎসে কর কর্তনপূর্বক অনলাইনে জমা প্রদান করা যাচ্ছে। Tax Office Management System (TOMS)এর মাধ্যমে করদাতাসহ যেকোন ব্যক্তি/প্রতিষ্ঠাণ আয়কর রিটার্ন দাখিল সংক্রান্ত তথ্যের সঠিকতা যাচাই করতে পারছেন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

ক) করদাতা অনুপাতে কর অফিসে জনবল স্বল্পতা।
খ) প্রয়োজনীয় লজিস্টিকস ও অবকাঠামোর অভাব।
গ) ডিজিটাল অর্থনীতিকে কর এর আওতায় আনার বিষয়ে সক্ষমতার অভাব।
ঘ) আন্তঃ কর ব্যবস্থাপনায় তথ্য বিনিময়ের অপ্রতুলতা।
ঙ) আইনি পরিবর্তনের ফলে রিটার্ন দাখিল করা বাধ্যতামূলক হলেও শতভাগ রিটার্ন দাখিল নিশ্চিতকরণে চ্যালেঞ্জ রয়েছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

ভবিষ্যতে জাতীয় রাজস্ব আদায়ের ক্ষেত্রে বৃদ্ধির জন্য অনলাইনে আয়কর রিটার্ন দাখিল বৃদ্ধি/সম্প্রসারণ, তথ্য প্রযুক্তি (আইসিটি) অবকাঠামো বিনির্মাণ ও অটোমেশন কার্যক্রমসমূহ জোরদারকরণ, করনেট (ট্যাক্সনেট) সম্প্রসারণ, কর ফাঁকি রোধ এবং কর প্রদান পদ্ধতি সহজীকরণ; কর শিক্ষা, বিজ্ঞাপন এবং ট্যাক্স পেয়ার্স সার্ভিস; দেশে/বিদেশে কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষমতা বৃদ্ধি এবং বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় জোরদার করার পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। ট্রান্সফার প্রাইসিং সেল এর সক্ষমতা জোরদারকরণের মাধ্যমে আন্ত:সীমান্ত বাণিজ্য থেকে কর আদায় ও কর ফাঁকি নিরসন;

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ২০২৪-২৫ অর্থবছরে কর অঞ্চল-সিলেট এর জন্য ধার্যকৃত রাজস্ব আহরণ;
- আয়কর আইন, ২০২৩ এর ১৪৭ ধারার বিধান অনুসারে উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষে মনিটরিং জোরদারকরণ;
- রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) যাচাই কার্যক্রম জোরদারকরণ;
- কর প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ;
- ই-ফাইলিং পদ্ধতি বিস্তৃতকরণের মাধ্যমে অনলাইনে আয়কর রিটার্ণ দাখিল বৃদ্ধি;
- ই-পেমেন্ট/এ-চালান/ ই-টিডিএস পদ্ধতিকে অধিকতর সম্প্রসারণ;
- Secondary Information ব্যবহারের মাধ্যমে ডিজিটাল পদ্ধতিতে আয়কর জরীপ কার্যক্রম পরিচালনা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

কর কমিশনার, কর অঞ্চল-সিলেট

এবং

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## আঞ্চলিক / জোনাল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ন্যায়ভিত্তিক অভ্যন্তরীণ সম্পদ আহরণের লক্ষ্যে আধুনিক ও জনবান্ধব কর ব্যবস্থাপনার মাধ্যমে কর অঞ্চল-সিলেট এর অধিক্ষেত্রাধীন করদাতাগণের নিকট হতে ন্যায়ত প্রযোজ্য কর রাজস্ব আহরণ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আধুনিক প্রযুক্তি নির্ভর, যুগোপযোগী ও বৈশ্বিক উত্তমচর্চা অনুসৃত করনীতির মাধ্যমে কর বান্ধব কর প্রশাসন গড়ে তোলা এবং এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রদত্ত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. কর প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ;
২. করের আওতা বৃদ্ধি ও মনিটরিং;
৩. রাজস্ব আহরণ বৃদ্ধি ও জোরদারকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আয়কর সংক্রান্ত মামলাসমূহ নিষ্পত্তির মাধ্যমে রাজস্ব আহরণ বৃদ্ধি;
২. আয়কর এবং ভ্রমণ কর আহরণে নিয়োজিত দপ্তরসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;
৩. প্রত্যক্ষ করের ক্ষেত্রসমূহ চিহ্নিত করে আওতা ও পরিধি বিস্তৃতকরণ এবং স্বেচ্ছা প্রতিপালনে উদ্বুদ্ধকরণের মাধ্যমে করদাতার সংখ্যা বৃদ্ধি ও রাজস্ব আহরণ বৃদ্ধি ;
৪. কর অঞ্চলের সার্বিক ব্যবস্থাপনার মান উন্নয়নের মাধ্যমে সুষ্ঠুভাবে প্রশাসন পরিচালনা করা;
৫. বিকল্প বিরোধ নিষ্পত্তির (ADR) মাধ্যমে রাজস্ব আদায় কার্যক্রম জোরদার করা;
৬. কর অঞ্চলের অধীন সকল অফিসসমূহের কার্যক্রম নিয়মিত পরিদর্শন ও তদারকি করা;
৭. যে সকল সেবা গ্রহণের ক্ষেত্রে রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) জমা প্রদান বাধ্যতামূলক সে সকল ক্ষেত্রে সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক PSR গ্রহণ কার্যক্রম পর্যবেক্ষণ;
৮. কর অঞ্চলের আদায় লক্ষ্যমাত্রা নিশ্চিত করার লক্ষ্যে কৌশলগত পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করা;
৯. নতুন করদাতা সৃষ্টি ও কর নেট সম্প্রসারণের লক্ষ্যে অভ্যন্তরীণ ও বহিরাঙ্গন জরীপ পরিচালনা;
১০. নিরীক্ষাভুক্ত কর মার্মলাসমূহ নিষ্পত্তির ক্ষেত্রে যথাযথ আইনী পদক্ষেপ বাস্তবায়ন করা;
১১. কর অঞ্চল সুষ্ঠুভাবে পরিচালনার জন্যে প্রয়োজনীয় মানব সম্পদের সুষ্ঠ ব্যবস্থাপনা;
১২. কর্মকর্তা কর্মচারীদের কাজের মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা করা;
১৩. করদাতাদের আবেদন অনুযায়ী আয়কর আইন-২০২৩ এর ২৮৫ ধারায় (রিভিউ আদেশ) আদেশ প্রদান করা;
১৪. কর আপীল, ট্রাইবুনাল, মহামান্য সুপ্রীম কোর্টের উভয় বিভাগে বিচারাধীন মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কর বিভাগের প্রতিনিধিত্ব নিশ্চিত করা ও সমন্বয়মূলক কার্যক্রম তদারকি করা এবং Affidavit-in-Opposition সহ অন্যান্য বিচারিক প্রতিবেদন নির্ধারিত সময়ে দাখিল/ প্রেরণ করা;
১৫. উৎসে কর কর্তন ও জমার বিষয় নিশ্চিত করার জন্য সুষ্ঠ তদারকি নিশ্চিত করা;
১৬. করদাতা উদ্বুদ্ধকরণে বিভিন্ন প্রচারণার ব্যবস্থা গ্রহণ;
১৭. অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীর বার্ষিক গোপনীয় প্রতিবেদন অনুস্বাক্ষর/প্রতিস্বাক্ষর করে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ

নিশ্চিত করা;
১৮. সংশ্লিষ্ট সকল Stakeholder এর সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে রাজস্ব আদায় গতিশীল করা;
১৯. জাতীয় রাজস্ব বোর্ড এবং সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের নির্দেশনা পরিপালন নিশ্চিত করা;

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| রাজস্ব আহরণ বৃদ্ধি | কর জিডিপির অনুপাত বৃদ্ধি | ট্যাক্স জিডিপির শতকরা হার | ৭.৩৮ | ৫.১০ | ৮.৪৫ | ৮.৮৮ | ৯.৫৫ | এটর্নি জেনারেলের দপ্তর, বাংলাদেশ ব্যাংক, মহা হিসাব নিরীক্ষকের ও নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় সঞ্চয় অধিদপ্তর এবং বিআরটিএ | ২০২২-২৩ অর্থ বছরের জিডিপি (প্রকৃত) বিবিএস হতে এবং ২০২৩-২৪ হতে ২০২৬-২৭ অর্থ বছর পর্যন্ত অর্থ বিভাগের মধ্য মেয়াদি সামষ্টিক অর্থনৈতিক নীতি বিবৃতি ২০২৩-২৪ হতে ২০২৫-২৬ প্রতিবেদনের সারণী-৫, পৃষ্ঠা নং ৩৬ তে জিডিপি নেয়া হয়েছে। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] কর প্রশাসনের আধুনিকায়ন ও করদাতা বান্ধবকরণ; | ২৫ | [১.১] করদাতাদের জন্য সেবা বৃদ্ধিকরণ | [১.১.১] সেবা গ্রহণকারীর সংখ্যা : আয়কর | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ০.৯৩ | ১.০০ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ০.৬০ | ১.০০ | ১.০২ |
| | | [১.২] ই-ফাইলিং এ আয়কর রিটার্ন দাখিল | [১.২.১] অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬২৯০ | ১৭৩৬৬ | ১৫০০০ | ১৩৫০০ | ১২০০০ | ১০৫০০ | ৯০০০ | ১৬০০০ | ১৭০০০ |
| | | | [১.২.২] ই-পেমেন্টের মাধ্যমে আয়কর আহরণ | ক্রমপুঞ্জিভূত | শতকরা হার | ১ | | | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭৫ | ৮০ |
| | | [১.৩] ই-টিআইএন রেজিষ্ট্রেশন পদ্ধতি | [১.৩.১] রেজিষ্ট্রেশন/রি-রেজিষ্ট্রেশনকৃত ই-টিআইএন | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ০.৪০ | ০.৪০ | ০.৩০ | ০.২৭ | ০.২৪ | ০২১ | ০.১৮ | ০.৩১ | ০৩২ |
| | | [১.৪] কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.৪.১] প্রশিক্ষণ প্রদান : আয়কর | সমষ্টি | জনঘন্টা | ৪ | ৭০ | ৮২ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ৮৫ |
| | | | [১.৪.২] সমসাময়িক বিষয় নিয়ে ইন-হাউজ লার্নিং সেশন | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ৪ | ৪ | ৩ | ২ | ১ | ১ | ৪ | ৪ |
| | | [১.৫] অর্থ আইন পরিবর্তন সম্পর্কিত প্রকাশনা [কর অঞ্চল-সিলেট এর জন্য প্রযোজ্য] | [১.৫.১] উৎসে কর কর্তনের হার সম্পর্কিত খাত ভিত্তিক লিফলেট প্রকাশ | তারিখ | তারিখ | ৪ | ৩১.০৭.২২ | ৩১.০৭.২৩ | ৩১.০৭.২৪ | ০৮.০৮.২৪ | ১৫.০৮.২৪ | ২২.০৮.২৪ | ৩১.০৮.২৩ | ৩১.০৭.২৫ | ৩১.০৭.২৬ |
| [২] করের আওতা বৃদ্ধি ও মনিটরিং; | ২৫ | [২.১] উৎসে কর কর্তন মনিটরিং | [২.১.১] পরিবীক্ষিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ : আয়কর | সমষ্টি | সংখ্যা | ৬ | ১৪২৫ | ১৪২৫ | ১৪২৫ | ১২৮৩ | ১১৪০ | ৯৯৮ | ৮৫৫ | ১৪৩০ | ১৪৪০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [২.১.২] ১৪৭ ধারায় উৎসে কর কর্তন কার্যক্রম পরিক্ষণ | সমষ্টি | সংখ্যা | ২ | | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.২] মাঠ অফিসসমূহ পরিদর্শন | [২.২.১] দাখিলকৃত প্রতিবেদন : আয়কর | সমষ্টি | সংখ্যা | ৫ | ৭৩ | ৭৩ | ৭৪ | ৬৭ | ৬০ | ৫২ | ৪৪ | ৭৫ | ৮০ |
| | | [২.৩] জরিপ কার্যক্রম | [২.৩.১] করদাতা বৃদ্ধিকরণ : আয়কর | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৫ | ০.৪০ | ০.৪০ | ০.৪০ | ০.৩৮ | ০.৩৬ | ০.৩৩ | ০.৩০ | ০.৪১ | ০.৪২ |
| | | [২.৪] PSR যাচাইকারী প্রতিষ্ঠান পর্যবেক্ষণ | [২.৪.১] পর্যবেক্ষণকৃত প্রতিষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৬২ | ৬৫ |
| | | [২.৫] কমপ্লাইন্ট (Compliant) করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | [২.৫.১] রিটার্ন দাখিলের সংখ্যা বৃদ্ধিকরণ | ক্রমপুঞ্জিভূত | শতকরা হার | ৩ | ১৬ | ৩৪ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| [৩] রাজস্ব আহরণ বৃদ্ধি ও জোরদারকরণ | ২০ | [৩.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | [৩.১.১] আদায়কৃত মোট রাজস্ব: (আয়কর) | ক্রমপুঞ্জিভূত | শতকরা হার | ৮ | ১০০ | ১০০ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৮৫ | ৯০ |
| | | [৩.২] e-TDS System এ কর্তনকারী কর্তৃপক্ষের নিবন্ধন | [৩.২.১] সর্বমোট নিবন্ধিত কর্তৃপক্ষ | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ৪ | ২২ | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৬ |
| | | [৩.৩] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | [৩.৩.১] দায়েরকৃত মামলা: আয়কর | সমষ্টি | সংখ্যা | ২ | ২৬ | ৩২ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০ | ২১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৪] রিটার্ন নিরীক্ষাকরণ | [৩.৪.১] নিরীক্ষাভূক্ত মামলা নিষ্পত্তির হার | ক্রমপুঞ্জিভূত | শতকরা হার | ২ | ৪ | ৬০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৬৮ | ৭০ |
| | | [৩.৫] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ | [৩.৫.১] আদায়কৃত বকেয়া: আয়কর | ক্রমপুঞ্জিভূত | শতকরা হার | ৪ | ৮০ | ৬০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮১ | ৮২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | ১০ | | | | | | ১০ | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১০ | ১০ | | | | | | ১০ | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ৪ | ৪ | | | | | | ৪ | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | ৩ | | | | | | ৩ | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ৩ | ৩ | | | | | | ৩ | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, কর কমিশনার, কর অঞ্চল-সিলেট, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা), আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড হিসাবে কর কমিশনার, কর অঞ্চল-সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

.................................................... ....................................................

কর কমিশনার
কর অঞ্চল-সিলেট

তারিখ

.................................................... ....................................................

জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান এর পক্ষে
সদস্য(কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা)
আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ই-টিআইএন | ইলেকট্রনিক ট্যাক্সপেয়ার’স আইডেন্টিফিকেশন নম্বর |
| ২ | ই-টিডিএস | ইলেকট্রনিক টিডিএস |
| ৩ | ই-পেমেন্ট | ইলেকট্রনিক পেমেন্ট |
| ৪ | ই-ফাইলিং | ইলেকট্রনিক ফাইলিং |
| ৫ | এ-চালান | অটোমেটেড চালান |
| ৬ | এডিআর | অলটারনেটিভ ডিসপিউট রেজুলেশন |

# সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] করদাতাদের জন্য সেবা বৃদ্ধিকরণ | [১.১.১] সেবা গ্রহণকারীর সংখ্যা : আয়কর | | |
| [১.২] ই-ফাইলিং এ আয়কর রিটার্ন দাখিল | [১.২.১] অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের সংখ্যা | | |
| | [১.২.২] ই-পেমেন্টের মাধ্যমে আয়কর আহরণ | | |
| [১.৩] ই-টিআইএন রেজিষ্ট্রেশন পদ্ধতি | [১.৩.১] রেজিষ্ট্রেশন/রি-রেজিষ্ট্রেশনকৃত ই-টিআইএন | | |
| [১.৪] কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.৪.১] প্রশিক্ষণ প্রদান : আয়কর | | |
| | [১.৪.২] সমসাময়িক বিষয় নিয়ে ইন-হাউজ লার্নিং সেশন | | |
| [১.৫] অর্থ আইন পরিবর্তন সম্পর্কিত প্রকাশনা [কর অঞ্চল-সিলেট এর জন্য প্রযোজ্য] | [১.৫.১] উৎসে কর কর্তনের হার সম্পর্কিত খাত ভিত্তিক লিফলেট প্রকাশ | | |
| [২.১] উৎসে কর কর্তন মনিটরিং | [২.১.১] পরিবীক্ষিত উৎসে কর কর্তনকারী কর্তৃপক্ষ : আয়কর | | |
| [২.১] উৎসে কর কর্তন মনিটরিং | [২.১.২] ১৪৭ ধারায় উৎসে কর কর্তন কার্যক্রম পরিক্ষণ | | |
| [২.২] মাঠ অফিসসমূহ পরিদর্শন | [২.২.১] দাখিলকৃত প্রতিবেদন : আয়কর | | |
| [২.৩] জরিপ কার্যক্রম | [২.৩.১] করদাতা বৃদ্ধিকরণ : আয়কর | | |
| [২.৪] PSR যাচাইকারী প্রতিষ্ঠান পর্যবেক্ষণ | [২.৪.১] পর্যবেক্ষণকৃত প্রতিষ্ঠান | | |
| [২.৫] কমপ্লাইন্ট (Compliant) করদাতার সংখ্যা বৃদ্ধিকরণ | [২.৫.১] রিটার্ন দাখিলের সংখ্যা বৃদ্ধিকরণ | | |
| [৩.১] রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জন | [৩.১.১] আদায়কৃত মোট রাজস্ব: (আয়কর) | | |
| [৩.২] e-TDS System এ কর্তনকারী কর্তৃপক্ষের নিবন্ধন | [৩.২.১] সর্বমোট নিবন্ধিত কর্তৃপক্ষ | | |
| [৩.৩] অভিযোগ ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে অনুসন্ধান কার্যক্রম | [৩.৩.১] দায়েরকৃত মামলা: আয়কর | | |
| [৩.৪] রিটার্ন নিরীক্ষাকরণ | [৩.৪.১] নিরীক্ষাভূক্ত মামলা নিস্পত্তির হার | | |
| [৩.৫] অবিতর্কিত বকেয়া কর আদায় ত্বরান্বিতকরণ | [৩.৫.১] আদায়কৃত বকেয়া: আয়কর | | |

# সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| e-TDS System এ কর্তনকারী কর্তৃপক্ষের নিবন্ধন | সর্বমোট নিবন্ধিত কর্তৃপক্ষ | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের ই-সার্ভিসেস সফ্টওয়্যার ব্যবহারের মাধ্যমে |
| ই-টিআইএন রেজিস্ট্রেশন পদ্ধতি | রেজিস্ট্রেশন/রি-রেজিস্ট্রেশনকৃত ই-টিআইএন | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের ই-সার্ভিসেস সফ্টওয়্যার ব্যবসহারের মাধ্যমে |
| ই-ফাইলিং এ আয়কর রিটার্ন দাখিল | অনলাইনে আয়কর রিটার্ন দাখিলের সংখ্যা | আয়কর অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড | জাতীয় রাজস্ব বোর্ডের ই-সার্ভিসেস সফ্টওয়্যার ব্যবসহারের মাধ্যমে |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ